# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৫৩১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫৩২]

পর্ব-৬: সালাতের সময়সীমা (كتاب المواقيت)

পরিচ্ছেদঃ ২০: ‘ইশার সালাত দেরী করে আদায় করা মুস্তাহাব

## ما يستحب من تأخير العشاء

আরবী

خْبَرَنِي إِبْرَاهِيمُ بْنُ الْحَسَنِ، وَيُوسُفُ بْنُ سَعِيدٍ، وَاللَّفْظُ لَهُ، قَالاَ: حَدَّثَنَا حَجَّاجٌ، عَنْ ابْنِ جُرَيْجٍ، قال: قُلْتُ لِعَطَاءٍ: أَيُّ حِينٍ أَحَبُّ إِلَيْكَ أَنْ أُصَلِّيَ الْعَتَمَةَ إِمَامًا أَوْ خِلْوًا ؟ قال: سَمِعْتُ ابْنَ عَبَّاسٍ، يَقُولُ: أَعْتَمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ذَاتَ لَيْلَةٍ بِالْعَتَمَةِ حَتَّى رَقَدَ النَّاسُ وَاسْتَيْقَظُوا وَرَقَدُوا وَاسْتَيْقَظُوا. فَقَامَ عُمَرُ، فَقَالَ: الصَّلَاةَ الصَّلَاةَ، قَالَ عَطَاءٌ: قَالَ ابْنُ عَبَّاسٍ: خَرَجَ نَبِيُّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَأَنِّي أَنْظُرُ إِلَيْهِ الْآنَ يَقْطُرُ رَأْسُهُ مَاءً وَاضِعًا يَدَهُ عَلَى شِقِّ رَأْسِهِ، قَالَ: وَأَشَارَ، فَاسْتَثْبَتُّ عَطَاءً كَيْفَ وَضَعَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَدَهُ عَلَى رَأْسِهِ، فَأَوْمَأَ إِلَيَّ، كَمَا أَشَارَ ابْنُ عَبَّاسٍ فَبَدَّدَ لِي عَطَاءٌ بَيْنَ أَصَابِعِهِ بِشَيْءٍ مِنْ تَبْدِيدٍ ثُمَّ وَضَعَهَا فَانْتَهَى أَطْرَافُ أَصَابِعِهِ إِلَى مُقَدَّمِ الرَّأْسِ، ثُمَّ ضَمَّهَا يَمُرُّ بِهَا كَذَلِكَ عَلَى الرَّأْسِ حَتَّى مَسَّتْ إِبْهَامَاهُ طَرَفَ الْأُذُنِ مِمَّا يَلِي الْوَجْهَ ثُمَّ عَلَى الصُّدْغِ وَنَاحِيَةِ الْجَبِينِ لَا يُقَصِّرُ وَلَا يَبْطُشُ شَيْئًا إِلَّا كَذَلِكَ، ثُمَّ قَالَ: لَوْلَا أَنْ أَشُقَّ عَلَى أُمَّتِي لَأَمَرْتُهُمْ أَنْ لَا يُصَلُّوهَا إِلَّا هَكَذَا .

تخريج دارالدعوه: صحيح البخارى/المواقيت ٢۴ (٥٧١)، والتمنى ٩ (٧٢٣٩)، صحيح مسلم/المساجد ٣٩ (٦۴٢)، (تحفة الأشراف: ٥٩١٥)، مسند احمد ١/٢٢١، ٣٦٦، سنن الدارمى/الصلاة ١٩ (١٢٥١) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 532 ـ صحيح

বাংলা

৫৩১. ইব্রাহীম ইবনুল হাসান ও ইউসুফ ইবনু সা’ঈদ (রহ.) ..... ইবনু জুরায়জ (রহ.) হতে বর্ণিত, তিনি বলেন, আমি ’আত্বা (রহ.)-কে জিজ্ঞেস করলাম, আমি ইমাম হয়ে (জামা’আতে) বা একা একা যদি ’ইশার সালাত আদায় করি তবে আপনি আমার জন্যে কোন সময়টুকু পছন্দ করেন? তিনি বললেন, আমি ইবনু ’আব্বাস (রাঃ)-কে বলতে শুনেছি, একদা রাতে রাসূলুল্লাহ (সা.) ’ইশার সালাত এতটুকু বিলম্বে আদায় করলেন যে, লোকজন ঘুমিয়ে পড়ল, আবার জাগরিত হলো, আবার ঘুমিয়ে পড়ল, আবার জাগ্রত হলো। এমতাবস্থায় ’উমার (রাঃ) দাঁড়িয়ে বললেন, সালাত, সালাত। ’আত্বা (রহ.) বলেন, ইবনু আব্বাস (রাঃ) বলেছেন আল্লাহর নবী (সা.) বের হলেন এমতাবস্থায় যে, আমি তার দিকে তাকালে দেখতে পেলাম যে, তখনো তার মাথা হতে গোসলের পানি ফোটা ফোটা করে পড়ছিল এবং তার মাথার একপাশে হাত রাখা ছিল। আতা (রহ.) বলেন, ইবনু আব্বাস ইঙ্গিত করলেন। আমি ’আত্বা (রহ.)-কে পুনরায় জিজ্ঞেস করলাম, নবী (সা.) কিভাবে মাথায় হাত রাখলেন? তিনি আমার দিকে ইঙ্গিত করলেন যেভাবে ইবনু আব্বাস (রাঃ), ইঙ্গিত করেছিলেন। আত্বা (রহ.) হাতের আঙ্গুলগুলো কিছু ফাঁক ফাঁক করে মাথার উপর এমনিভাবে রাখলেন যে, উভয় বৃদ্ধাঙ্গুলি চেহারা সংলগ্ন কানের অংশ স্পর্শ করল। তারপর কানের পার্শ্ব ও ললাট এমনভাবে মাসাহ করলেন যেন কোন কাজ দ্রুত ও ধীর গতিতে করেননি বরং তা স্বাভাবিকভাবে করেছেন। তারপর বললেন, আমার উম্মতের ওপর যদি কঠিন না হত, তবে আমি তাদেরকে আদেশ করতাম, “ইশার সালাত যেন এভাবে দেরী করে আদায় করে।

## English

20. What Is Recommended Regarding Delaying 'Isha'

It was narrated that Ibn Juraij said: I said to 'Ata': 'What is the best time you think I should pray Al-'Atamah, either in congregation or on my own?' He said: 'I heard Ibn 'Abbas say: The Messenger of Allah (ﷺ) delayed Al-'Atamah one night until the people had slept and woken up, then slept and woken up again. Then 'Umar got up and said: 'The prayer, the prayer!' 'Ata' said: 'Ibn 'Abbas said: The Messenger of Allah (ﷺ) came out, and it is as if I can see him now, with water dripping from his head, putting his hand on the side of his head. [He said: And he indicated (how) ].' I checked with 'Ata' how the Prophet (ﷺ) put his hand on his head, and he showed me the same way as Ibn 'Abbas had done. 'Ata' spread his fingers a little, then placed them with the tips of his fingers on his forehead, then he drew his fingers together on his head until his thumb touched the edge of the ear that is next to the face, then moved it to his temple and forehead, then he said: 'Were it not that I would impose too much difficulty for my Ummah, I would have commanded them to offer this prayer only at this time.'

## ফুটনোট

সহীহ: বুখারী ৫৭১, মুসলিম ৬৪২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ ইবনু জুরায়জ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86804

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন